রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[ কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]**

**অফিস আদেশ**

তারিখ: ৩০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: **ভারতের অনুরোধে গৌহাটি থেকে ত্রিপুরা ও মনিপুর রাজ্যে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য সাময়িকভাবে বাংলাদেশের আংশিক সড়ক ব্যবহার করে ঐ সকল অঞ্চলে জ্বালানি তেল ও এলপিজি পরিবহনের জন্য স্বাক্ষরিত Memorandum of Understanding (MoU) between Roads and Highways Department (RHD) of the People's Republic of Bangladesh and Indian Oil Corporation Limited (IOCL) of the Republic of India on temporary permission for movement of Indian POL/LPG carrying vehicles এর অধীন সাময়িকভাবে প্রযোজ্য ট্রানজিট পণ্যচালানের কাস্টমস প্রক্রিয়াদি সম্পন্নকরণ।**

সূত্র: ১। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পত্র নং-৩৫.০০.০০০০.০১৯.২২.০২৪.১৬-১৭১, তারিখ: ০৪/০৮/২০২২ খ্রি.

নং- **০৮.০১.০০০০.০৫৫.২৪.০০২.২০(অংশ-৩)/৪০১**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গত ০৩ আগস্ট, ২০২২ খ্রি. তারিখে বাংলাদেশ ও ভারতের মধ্যে "Memorandum of Understanding (MoU) between Roads and Highways Department (RHD) of the People's Republic of Bangladesh and Indian Oil Corporation Limited (IOCL) of the


**মূল্য :** টাকা ১২.০০

Republic of India on temporary permission for movement of Indian POL/LPG carrying vehicles" শীর্ষক MoU স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির আওতায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ডাউকি (মেঘালয়)-তামাবিল (বাংলাদেশ)-সিলেট-ফেঞ্চুগঞ্জ (ভায়া সিলেট বাইপাস-রাজনগর-মৌলভীবাজার/ব্রাহ্মণবাজার-শমসেরনগর-চাতলাপুর (বাংলাদেশ)-কাইলাশহর (ত্রিপুরা) রুটে বন্যায় ক্ষতিগ্রস্থ অঞ্চলে জ্বালানি সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখতে Indian Oil Corporation Limited (IOCL)-এর পেট্রোলিয়াম পণ্য বহনের জন্য সাময়িক ট্রানজিট পরিচালনা ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। উক্ত সাময়িক ট্রানজিটের ক্ষেত্রে প্রযোজ্য সাধারণ শর্তাবলি নিম্নরূপ:

ক) বর্ণিত নির্ধারিত রুটে কেবল দিনের বেলায় ট্রানজিট সংঘটিত হবে;

খ) এ ট্রানজিট কেবল Indian Oil Corporation Limited (IOCL)-এর পেট্রোলিয়াম পণ্য পরিবহনের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

গ) বাংলাদেশের ভেতর দিয়ে গমনের সময় ট্রানজিট যানবাহনসমূহ সর্বদাই সিলড (Sealed) অবস্থায় থাকবে;

ঘ) বাংলাদেশের ভেতর দিয়ে গমনকালে বহনরত পেট্রোলিয়াম পণ্যের কোন বাণিজ্যিক হস্তান্তর করা যাবে না;

ঙ) পেট্রোলিয়ামবাহী দশটি যানবাহন একত্রে একটি কনভয় হিসেবে বাংলাদেশের ভেতর দিয়ে গমন করবে এবং প্রতিদিন উভয়পথে সর্বোচ্চ (৪০+৪০)=৮০ টি যানবাহন রুট পারমিট থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত দলিলাদিসহ গমন করতে পারবে:

i. বৈধ ভিসাসহ পাসপোর্ট
ii. বৈধ অনুমোদিত রুট পারমিট
iii. বৈধ ফিটনেস সার্টিফিকেট
iv. বৈধ রেজিস্ট্রেশন সার্টিফিকেট
v. বৈধ ড্রাইভিং লাইসেন্স
vi. বৈধ ইন্স্যুরেন্স পলিসি
vii. সহকারীর (Helper) বৈধ সার্টিফিকেট

চ) কোন কারণে কোন চালক বা সহকারী তার কার্যসম্পাদনে অপারগ হয় তবে উপর্যুক্ত উপানুচ্ছেদে বর্ণিত বৈধ দলিলাদি থাকা সাপেক্ষে অন্য কোন চালক বা সহকারী যানবাহনটি চালনা বা নিয়ন্ত্রণ করতে পারবে:

ছ) Indian Oil Corporation Limited (IOCL) চালক, সহকারী এবং যানবাহনের তালিকা প্রদান করবে । চালক ও সহকারীর বাংলাদেশে অবস্থানকালে বাংলাদেশে বিদ্যমান আইন-কানুন মেনে চলতে হবে;

জ) বাংলাদেশের ভেতর দিয়ে চলাচলকারী ট্রানজিট যানবাহনের সর্বোচ্চ এক্সেল লোড হবে ১০ টন;

ঝ) বাংলাদেশের ভেতর দিয়ে চলাচলকারী ট্রানজিট যানবাহনে পর্যাপ্ত সংখ্যক অগ্নিনির্বাপক ব্যবস্থা এবং অগ্নিনির্বাপক ব্যবস্থা ব্যবহারের জন্য চালক ও সহকারীর পর্যাপ্ত প্রশিক্ষণ থাকতে হবে;

ঞ) বাংলাদেশের ভেতর দিয়ে গমনকালে ট্রানজিট যানবাহন জরুরি ক্ষেত্র ব্যতীত কেবল নির্ধারিত স্থানেই বিশ্রাম অথবা জ্বালানি গ্রহণের জন্য থামতে পারবে;

ঠ) Indian Oil Corporation Limited (IOCL) এর বাংলাদেশের ভেতর দিয়ে যানবাহন গমনাগমনের বিষয়টি বন্যা বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে রাস্তায় যানবাহনের উপযোগিতার উপর নির্ভর করবে।

০৩। **ট্রানজিট পদ্ধতি:**

ক) **মেনিফেস্ট:** ট্রানজিট পণ্য বহনকারী যানবাহন বাংলাদেশের প্রবেশ বন্দরে (Port of entry) আগমনের ক্ষেত্রে Customs Act, 1969 এর Section-44 এর বিধান অনুযায়ী কাস্টমস কম্পিউটার সিস্টেমে অথবা ট্রানজিট পণ্যের ব্যবস্থাপনার লক্ষ্যে প্রস্তুতকৃত কাস্টমস কম্পিউটার সিস্টেমের সংশ্লিষ্ট মডিউল কোন কারণে ব্যবহার সম্ভব না হলে ম্যানুয়ালি প্রবেশ বন্দরের মেনিফেস্ট শাখায় অনুমোদিত ব্যক্তি কর্তৃক মেনিফেস্ট দাখিল করতে হবে। মেনিফেস্টে ট্রানজিট পণ্যের জন্য যথাক্রমে For Transit উল্লেখ থাকতে হবে। অতঃপর মেনিফেস্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তা দাখিলকৃত মেনিফেস্টের তথ্যাদি যাচাই করবেন এবং যথাযথ প্রাপ্তি সাপেক্ষে মেনিফেস্ট নিবন্ধন নিশ্চিত করবেন।

খ) CTD: প্রতিটি ট্রানজিট পণ্যচালানের জন্য পরিশিষ্ট 'ক' অনুযায়ী Customs Transit Declaration (CTD) থাকতে হবে। পণ্যচালানের প্রেরক (Consignor) বা অনুমোদিত ব্যক্তি পূরণকৃত CTD পাঁচ প্রস্থে ভারতের প্রস্থান বন্দরের (Port of Exit) কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। ভারতের প্রস্থান বন্দরের কাস্টমস কর্মকর্তা পাঁচ প্রস্থের উপর সিল ও স্বাক্ষর প্রদান করবেন এবং এক প্রস্থ নিজের কাছে জমা রেখে অবশিষ্ট চার প্রস্থ পণ্যচালানের প্রেরক বা তার অনুমোদিত এজেন্টের নিকট ফেরত দিবেন। পণ্যচালান বাংলাদেশের প্রবেশ বন্দরে পৌঁছানোর পর পণ্যের প্রেরক বা তার অনুমোদিত প্রতিনিধি চার প্রস্থ CTD বাংলাদেশের কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। কাস্টমস কর্মকর্তা চার কপিতেই সিল ও স্বাক্ষর প্রদান করে চতুর্থ কপি জমা রেখে অবশিষ্ট তিন কপি ফেরত দিবেন। পণ্যের প্রেরক বা তার অনুমোদিত প্রতিনিধি বাংলাদেশ কাস্টমস কর্তৃক প্রত্যয়িত CTD এর তিন কপি প্রবেশ বন্দর কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করবেন যিনি CTD এর তৃতীয় কপি জমা রেখে পণ্যের প্রেরক বা অনুমোদিত ব্যক্তির অনুকূলে পণ্য ছাড় প্রদান করবেন। একইভাবে অবশিষ্ট দুই কপি CTD প্রবেশ বন্দরের সংশ্লিষ্ট গেইটের কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করলে গেইটে পদস্থ কাস্টমস কর্মকর্তা Exit note (প্রযোজ্য ক্ষেত্রে) ইস্যু করবেন। পণ্যচালান বাংলাদেশের প্রস্থান বন্দরে পৌঁছালে পণ্যের প্রেরক বা অনুমোদিত ব্যক্তি দায়িত্বরত কাস্টমস কর্মকর্তার নিকট অবশিষ্ট ২ কপি CTD দাখিল করবেন। প্রস্থান বন্দরের কাস্টমস কর্মকর্তা উক্ত দুই কপি CTD প্রত্যয়ন করবেন, এক কপি জমা রেখে অবশিষ্ট কপিটি পণ্যের প্রেরক বা অনুমোদিত ব্যক্তির নিকট ফেরত প্রদান করবেন যা ভারতের প্রবেশ বন্দরের কাস্টমস কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। তবে কাস্টমস কম্পিউটার সিস্টেমে মেনিফেস্ট দাখিল করা হলে উক্ত সিস্টেমেই নির্ধারিত পদ্ধতিতে CTD দাখিল করতে হবে।

গ) **<u>অন্যান্য দলিলাদি ও শুল্কায়ন:</u>** বর্ণিত CTD এর সঙ্গে বিল অব লেডিং, ইনভয়েস, প্যাকিং লিস্ট এবং পরিশিষ্ট 'খ' অনুযায়ী প্রযোজ্য শুল্ক-করের বিপরীতে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে একটি বন্ড প্রবেশ বন্দরের কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। lndian Oil Corporation Limited (IOCL) বা তৎকর্তৃক মনোনীত সংশ্লিষ্ট কাস্টম স্টেশনের লাইসেন্সপ্রাপ্ত কোন সি এন্ড এফ এজেন্ট পণ্যের মালিকের পক্ষে এ বন্ড দাখিল করবে। বন্ড গ্রহণের পূর্বে পণ্যের শুল্কায়ন সম্পন্ন করে উক্ত বন্ডে শুল্ক-করের পরিমাণ উল্লেখ করতে হবে। সমস্ত দলিলাদিসহ নথিতে আনুষ্ঠানিক অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন হলে কাস্টম স্টেশনের যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তা CTD এর সকল কপি প্রত্যয়ন করবেন এবং এর চতুর্থ কপিসহ অন্যান্য দলিলাদি নথিতে সংরক্ষণ করবেন।

তবে কাস্টমস কম্পিউটার সিস্টেমে CTD দাখিল করা হলে দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তা উক্ত ঘোষণা কাস্টমস কম্পিউটার সিস্টেমেই যাচাই ও শুল্কায়ন করবেন এবং ম্যানুয়ালি দাখিলকৃত বিল অব লেডিং, ইনভয়েস, প্যাকিং লিস্ট এবং পরিশিষ্ট 'খ' অনুযায়ী প্রস্তুতকৃত বন্ড যথাযথ প্রাপ্তি সাপেক্ষে কাস্টমস কম্পিউটার সিস্টেমে CTD প্রক্রিয়াকরণ করবেন। উক্ত সিস্টেম হতে মুদ্রিত CTD প্রয়োজনবোধে প্রমাণক হিসেবে ব্যবহার করা যাবে। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তা কাস্টমস কম্পিউটার সিস্টেমের কার্যক্রমের অতিরিক্ত হিসেবে ট্রানজিট/ট্রানশিপমেন্ট সম্পাদনের বিভিন্ন ধাপে প্রয়োজনবোধে ব্যবহারের নিমিত্তে কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে মুদ্রিত CTD-এর ন্যূনতম চারটি কপিতে স্বাক্ষর প্রদান করে চতুর্থ কপি জমা রেখে অবশিষ্ট কপিসমূহ পণ্যের প্রেরক বা অনুমোদিত ব্যক্তিকে সরবরাহ করবেন।

ঘ) **চার্জ ও ফি:** Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section-129A এবং কাস্টমস ট্রানজিট ও ট্রানশিপমেন্ট বিধিমালা, ২০২১ এর বিধি-৫ অনুসারে আলোচ্য সাময়িক ট্রানজিট পণ্যচালানের ক্ষেত্রে নিম্নোক্ত হারে ফি ও চার্জ প্রযোজ্য হবে যা সংশ্লিষ্ট প্রবেশ কাস্টমস দপ্তরের ট্রেজারি চালান অথবা কাস্টমস কম্পিউটার সিস্টেমে ই-পেমেন্ট এর মাধ্যমে জমা করতে হবে:

| ক্র. নং | খাত | ফি/চার্জ (টাকায়) | কোড |
|---|---|---|---|
| ক. | ডকুমেন্ট প্রসেসিং ফি | ৩০/- (প্রতি চালান) | ১/১১৩১/...../০৪২১ |
| খ. | সিকিউরিটি চার্জ | ১০০/- (প্রতি মে. টন) | |
| গ. | এসকর্ট চার্জ | ৫০/- (প্রতি মে. টন) | |
| ঘ. | বিবিধ প্রশাসনিক চার্জ | ১০০/- (প্রতি মে. টন) | |
| ঙ. | কন্টেইনার স্ক্যানিং ফি | ২৫৪/-(প্রতি কন্টেইনার) প্রযোজ্য ক্ষেত্রে | |
| চ. | ইলেকট্রিক লক এন্ড সিল ফি | বিধিমালা দ্বারা নির্ধারিত পরিমাণ | - |

ঙ) **স্ক্যানিং:** কন্টেইনারসমূহ প্রবেশ কাস্টমস স্টেশন (ক্ষেত্রমত প্রস্থান কাস্টমস স্টেশনে) এর সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা বা কমিশনার কর্তৃক মনোনীত কর্মকর্তার উপস্থিতিতে স্ক্যানিং করতে হবে। যদি প্রবেশ বা প্রস্থান বন্দরে স্ক্যানিং এর ব্যবস্থা না থাকে তবে স্ক্যানিং প্রযোজ্য হবে না এবং সেক্ষেত্রে স্ক্যানিং এর জন্য প্রযোজ্য ফি আদায়যোগ্য হবে না।

চ) **সিল ও লক:** জাতীয় রাজস্ব বোর্ড হতে ইলেকট্রনিক সিল ও লক সংক্রান্ত হালনাগাদকৃত প্রজ্ঞাপন জারি না হওয়া পর্যন্ত যানবাহনে ব্যবহৃত সিল/সিলগালা পরীক্ষা করে তা যদি অক্ষত পাওয়া যায় তাহলে উক্ত সিলের নম্বর CTD-সহ সকল দলিলাদিতে এন্ট্রি করে রাখতে হবে। প্রয়োজন হলে কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ অতিরিক্ত লকও (সিল গালাসহ) সংযোজন করতে পারে। প্রসঙ্গত উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে যতদিন পর্যন্ত লক ও সিল সরবরাহকারী প্রতিষ্ঠান নিয়োগ না করা হবে, ততদিন এ সংক্রান্ত ফি আদায়যোগ্য হবে না।

ছ) **ট্রানজিট কাল:** বাংলাদেশে প্রবেশের পর ৭ (সাত) দিনের মধ্যে ট্রানজিট পণ্যচালান বাংলাদেশ ত্যাগ করবে। বিশেষ পরিস্থিতিতে বাংলাদেশের প্রবেশ বন্দরের কাস্টমস কর্তৃপক্ষের নিকট আবেদন করা হলে সময় বর্ধিত করা যেতে পারে। বর্ণিত সাময়িক ট্রানজিট সুবিধা আগামী ৩০ নভেম্বর, ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

জ) **এসকর্ট:** পণ্যচালান বাংলাদেশের প্রবেশ বন্দর হতে প্রস্থান বন্দর পর্যন্ত পরিবহনকালে এক বা একাধিক এসকর্ট কর্মকর্তা নিয়োগ দিতে হবে। এ ক্ষেত্রে প্রবেশ বন্দরের কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা পণ্যচালানের সঙ্গে এসকর্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। সেইসাথে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক নিযুক্ত প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা পণ্যচালানের সাথে থাকবেন। Indian Oil Corporation Limited (IOCL) ট্রানজিট পণ্যচালানের প্রতিটি কনভয়ের সাথে এসকর্ট কর্মকর্তার যাতায়াতের প্রয়োজনীয় যানবাহন ও আনুসাঙ্গিক ব্যবস্থা গ্রহণ করবে।

ঝ) **প্রস্থান:** পণ্যচালান প্রস্থান বন্দরে পৌঁছানোর সাথে সাথে প্রস্থান বন্দরের কাস্টমস কর্মকর্তা সিল, লক (যদি থাকে), যানবাহনের রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি যাচাই করে যথাযথ প্রাপ্তি সাপেক্ষে CTD এর ন্যূনতম ২ (দুই) কপি প্রত্যয়নপূর্বক দ্বিতীয় কপিটি সংরক্ষণ করে অন্যান্য কপি পণ্যের প্রেরক বা অনুমোদিত ব্যক্তির নিকট ফেরত প্রদান করবেন এবং প্রয়োজনীয় দলিলাদি নথিতে সংরক্ষণ করবেন। তবে কাস্টমস কম্পিউটার সিস্টেমে CTD দাখিল করা হয়ে থাকলে ট্রানজিট পণ্যচালানের সিল, লক (যদি থাকে), যানবাহনের রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি যাচাই করে উক্ত সিস্টেমে নির্ধারিত পদ্ধতিতে ট্রানজিট প্রক্রিয়া সম্পন্ন করবেন এবং কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে মুদ্রিত CTD এর ন্যূনতম ২ (দুই) কপি প্রত্যয়নপূর্বক দ্বিতীয় কপিটি সংরক্ষণ করে অন্যান্য কপি পণ্যের প্রেরক বা অনুমোদিত ব্যক্তিকে প্রদান করবেন।

ঞ) **বন্ড অবমুক্তকরণ:** পণ্যচালান বাংলাদেশ সীমানা অতিক্রমের প্রমাণক পাওয়ার পর প্রবেশ কাস্টমস স্টেশনের কাস্টমস কর্তৃপক্ষ গৃহীত বন্ড অবমুক্ত করবে। প্রমাণক হিসেবে বাংলাদেশের প্রস্থান বন্দরের কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়িত CTD-সহ আনুষঙ্গিক দলিলাদির কপি পণ্যের মালিকের নিয়োজিত এজেন্ট প্রবেশ কাস্টম দপ্তরে দাখিল করবে।

০৪। এই আদেশে বর্ণিত হয়নি এমন কোন বিষয়ের উদ্ভব হলে বা কোনরূপ অস্পষ্টতা পরিলক্ষিত হলে এ সংক্রান্ত MoU-তে বর্ণিত কর্মপদ্ধতি অনুসরণ করতে হবে। অধিকন্তু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত কাস্টমস ট্রানজিট ও ট্রানশিপমেন্ট বিধিমালা, ২০২১ এর প্রযোজ্য বিধানাবলিও অনুসরণীয় হবে।

০৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট, মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা এবং সংশ্লিষ্ট পক্ষসমূহ নিজেদের মধ্যে যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে যথাযথ কাস্টমস প্রক্রিয়া সম্পন্নকরণসহ বর্ণিত ট্রানজিট পণ্যচালানের গমনাগমন নিরাপদ, নির্বিঘ্ন ও সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। এক্ষেত্রে কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট প্রধান সমন্বয়কের ভূমিকা পালন করবেন।

০৬। উপরিউক্ত কর্মপদ্ধতি অনুসরণপূর্বক সাময়িক ট্রানজিট পণ্যচালানের কাস্টমস প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ৩০ নভেম্বর, ২০২২ পর্যন্ত সকল ট্রানজিট পণ্যচালান বাংলাদেশের ভৌগোলিক এলাকা ত্যাগ করার পর সামগ্রিক কার্যক্রমের বিবরণ এবং ট্রানজিট চালানের সুচারু ব্যবস্থাপনার ক্ষেত্রে কোন চ্যালেঞ্জ ও সুপারিশ থাকলে তা-সহ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট এবং কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা পৃথক পৃথক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে।

০৭। Customs Act, 1969 এর Section 219B এবং কাস্টমস ট্রানজিট ও ট্রানশিপমেন্ট বিধিমালা, ২০২১ এর বিধি-১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এ আদেশ জারি করা হলো।

**মোঃ তারেক মাহমুদ**

দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)।

CUSTOMS TRANSIT DECLARATION

পরিশিষ্ট ‘ক’

**Part A**

*(To be filled by the consignor of the goods or his Authorised agent )*

| | |
|---|---|
| Name of the consignor and address<br>Telephone No.<br>Email-id | |
| Name of consignee and address<br>Telephone No.<br>Email-id | |
| Port of Entry into Bangladesh | |
| Port of Exit in Bangladesh | |

**Details of goods**

| Container no. | Marks and serial nos. of packages/ distinguishing marks for over-dimensional cargo | Description of goods | H.S code | Quantity (with units) | **Gross weight** | **CIF Value** |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

I/We declare that the goods entered herein are for India through Bangladesh and shall not be diverted or
retained in Bangladesh.
I/We declare that all the entries made herein above are true and correct to the best of my/our knowledge and
belief.

(Signature of consignor/ authorized agent/ authorized transport operator along with seal.)

**Part B**

*( to be filled by the customs officer at the port of exit in India)*

Seal no of OTL(s) affixed (if any):

Allowed further movement to the port of entry in Bangladesh.

(Signature and stamp of the Customs Officer)

**Part C**

*(to be filled by the customs officer at the port of entry in Bangladesh)*

Serial no. of the lock & seal (s):

Registration No. of Vehicle (s)/ truck(s):

Allowed further movement to the port of exit in Bangladesh.

(Signature and stamp of the Customs Officer)

**Part D**

*(to be filled by the customs officer at the port of exit in Bangladesh)*

Allowed to exit Bangladesh.

Signature and stamp of the Customs Officer)

Attached Documents:

1. Bill of lading;
2. Invoice;
3. Packing List; and
4. A Customs Bond in non-judicial stamp paper.

*পরিশিষ্ট খ*

To
The Commissioner/……….. of Customs
Custom House… / ………Land Customs Station

The undersigned undertakes that the goods under Custom declaration number…….Dated………… Invoice no………… dated…………..Bill of lading/truck receipt no………… dated……………. of the quantity, value and HS code thereof are destined to be transported to ………….. through the territory of Bangladesh within 7 days from the date of its exit from the port of entry in Bangladesh. In case of failure to do so, the undersigned is liable to pay Tk……………. only or the amount ascertained by Bangladesh Customs equivalent to the amount of duty and taxes applicable in case of import of the goods into Bangladesh, to the Commissioner of Customs at the port of entry and the consignment shall be subjected to the provisions under the Customs Act 1969, the Value Added Tax 1991 and any other law applicable thereto.

Signature
Name:
Contact Details:

Witnesses:
1.
2.
3.

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd